অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২০/০৫/২০২৫ খ্রি.

## ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ করতে ইচ্ছুক পরীক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: http://ems.nu.ac.bd অথবা www.nubd.info/honours প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর ও চাহিত তথ্যাদি এন্ট্রি দিয়ে Application Form ডাউনলোড করার জন্য নির্দেশ দেওয়া গেল।

১। অনলাইনে আবেদন ফরম পূরণ/সংগ্রহ করার সময়সীমা : ২০/০৫/২০২৫ হতে ২৩/০৬/২০২৫ খ্রি.

২। যেসব কাগজপত্রাদি স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে-

(ক) নিয়মিত/অনিয়মিত (ফরম পূরণ করেনি) ক্ষেত্রে- আবেদন ফরম, Payslip ও রেজিঃকার্ডের ফটোকপি : ১৮/০৬/২০২৫ হতে ১৯/০৬/২০২৫ খ্রি.

(খ) অকৃতকার্য/গ্রেডউন্নয়ন/অন্যান্য ক্ষেত্রে- নির্ধারিত ফি, আবেদন ফরম ও রেজিঃকার্ডের ফটোকপি : ১৫/০৬/২০২৫ হতে ১৭/০৬/২০২৫ খ্রি.

২। নির্ধারিত ফি জমাদানের পদ্ধতি:

(ক) শুধু অকৃতকার্য/গ্রেডউন্নয়ন/অন্যান্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে- নির্ধারিত ফি স্ব-স্ব বিভাগে ম্যানুয়েলি জমাদান: ১৫/০৬/২০২৫ হতে ১৭/০৬/২০২৫ খ্রি.

(খ) নিয়মিত/অনিয়মিত (পূর্বে ফরম পূরণ করেনি) পরীক্ষার্থীদের ক্ষেত্রে- ২২/০৫/২০২৫ হতে ২২/০৬/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে ওয়েবসাইট: https://rangamaticollege.eshiksaems.com -এ Login করতে হবে।

User Name: rangamatistudent এবং Password: rangamatistudent

(গ) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session -এ 2023-2024, Class Roll/Admission Roll -এ নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Connect Sonali Pay ক্লিক করতে হবে।

(ঘ) শিক্ষার্থী Sonali Payment Gateway ব্যবহার করে যেকোনো মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

(ঙ) তারপর শিক্ষার্থীকে Receipts Print ক্লিক করার পর Registration No এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

৪। **অংশগ্রহণের যোগ্যতা:**

**(ক) নিয়মিত:** ২০২৩-২৪ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

**(খ) অনিয়মিত:** ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। Not Promoted পরীক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সে পরীক্ষা দিতে হবে না।

**(গ) গ্রেড উন্নয়ন:** ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় প্রথম বারের মতো অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী ২য় বর্ষে Promoted হয়েছে, তারা শুধুমাত্র "C"বা "D" গ্রেডপ্রাপ্ত সর্বোচ্চ ২টি কোর্সে অংশগ্রহণ করতে পারবে। ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়েছে তারা শুধুমাত্র "F" গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিতে পারবে। ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C. Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদেরকে ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অবশ্যই অনুপস্থিত পত্রে অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্তদের ৫,০০০/- ফি প্রদান সাপেক্ষে ফরম পূরণ করতে পারবে। এ ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন হবে না।

৫। **ফি বিবরণী:**

| বিষয়ের নাম | নিয়মিত | অনিয়মিত |
|---|---|---|
| বাংলা/ইংরেজি/ইতিহাস/ইসঃ ইতিহাস/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান | ২,১০০/- | ২,৪০০/- |
| পদার্থবিজ্ঞান | ৩,১০০/- | ৩,৪০০/- |
| প্রাণিবিজ্ঞান | ৩,০৫০/- | ৩,৩৫০/- |
| উদ্ভিদবিজ্ঞান | ৩,৩০০/- | ৩,৬০০/- |
| গণিত | ২,৯৫০/- | ৩,২৫০/- |
| ১ পত্র বিশিষ্ট (মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন) | -- | ১,০৫০/- |
| ২ পত্র বিশিষ্ট (মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন) | -- | ১,৩০০/- |
| এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত | -- | ৫,৫০০/- |
| C. Promoted | -- | ১,৭৫০/- |

20.05.2025
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

20/5/2025

বিতরণ:

১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;

২। বিভাগীয় প্রধান ---------------------------------------------------------------- (সকল বিভাগ), রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে অনিয়মিত/গ্রেডউন্নয়ন/অন্যান্য পরীক্ষার্থীদের প্রদেয় ফি আগামী ১৭/০৬/২০২৫ খ্রি. তারিখের মধ্যে কলেজের হিসাব শাখায় জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো;

৩। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;

৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে প্রচার করার জন্য নির্দেশ দেওয়া গেল;

৫। সংরক্ষণ নথি।